গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্রীনগর, মুন্সীগঞ্জ।
www.sreenagar.munshiganj.gov.bd

স্মারক নম্বর- ০৫.৩০.৫৯৮৪.০০০.৪০.০০৩.২৪. ৯১৪ তারিখ: ০৭/০২/২০২৪ খ্রিস্টাব্দ

"হাট বাজার দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-২ শাখার ২১/০৯/২০১১ খ্রি. তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারকে জারিকৃত নীতিমালার আলোকে শ্রীনগর উপজেলার নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ১৪৩১ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতিত) দরপত্র নিম্নবর্ণিত নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) অফিস চলাকালীন সময়ে মুন্সীগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা, উপজেলা ভূমি অফিস, শ্রীনগর, সোনালী ব্যাংক লিঃ, শ্রীনগর শাখা, অফিসার ইন চার্জ, শ্রীনগর থানা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। দরপত্র দাখিলের দিন দুপুর ০১.০০ টা পর্যন্ত মুন্সীগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ের, রাজস্ব শাখা, পুলিশ সুপার, মুন্সীগঞ্জ এর কার্যালয়, উপজেলা ভূমি অফিস, শ্রীনগর ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করা যাবে এবং একই দিন দুপুর ০৩.০০ টায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

"হাট বাজারের বিবরণ"

ক্রমিক নং	হাট বাজারের নাম	ইউনিয়নের নাম	সরকারি মূল্য বা ইজারা মূল্য	সিডিউল মূল্য
০১	ভাগ্যকুল হাট বাজার	ভাগ্যকুল	৭,১৩,০৪৪/-	২,২০০/-
০২	কামারগাঁও হাট বাজার	ভাগ্যকুল	৩,৬৯০/-	৫০০/-
০৩	আল আমিন হাট বাজার	ভাগ্যকুল	১৭,১২,২৫৩/-	৪,২০০/-
০৪	কেদারপুর হাট বাজার	ভাগ্যকুল	৪,৬৫৭/-	৫০০/-
০৫	বাঘড়া হাট বাজার	বাঘড়া	১,১৭,৫৫৪/-	১,০০০/-
০৬	কোলাপাড়া হাট বাজার	কোলাপাড়া	১৬,২৫৪/-	৫০০/-
০৭	দোগাছি হাট বাজার	কোলাপাড়া	৬,৫৮০/-	৫০০/-
০৮	মাইজপাড়া হাট বাজার	রাঢ়ীখাল	১৪,৪৫৯/-	৫০০/-
০৯	কবুতরখোলা হাট বাজার	রাঢ়ীখাল	৫,৪১৭/-	৫০০/-
১০	শ্রীনগর হাট বাজার	শ্রীনগর	৪১,০২,৯০৭/-	৯,০০০/-
১১	দেউলভোগ হাট বাজার	শ্রীনগর	৪৯,৮৩,১৪৯/-	১০,৬০০/-
১২	সিংপাড়া হাট বাজার	তন্তর	৩,২৪,০৭৮/-	১,৪০০/-
১৩	বীরতারা হাট বাজার	বীরতারা	২০,৮৯৭/-	৫০০/-
১৪	ষোলঘর হাট বাজার	ষোলঘর	২,০৮,৬৪৪/-	১,২০০/-
১৫	বিবন্দী হাট বাজার	কুকুটিয়া	৬,১৩৭/-	৫০০/-
১৬	কুকুটিয়া হাট বাজার	কুকুটিয়া	৩৫,৯৫২/-	৫০০/-
১৭	বাড়ৈখালী হাট বাজার	বাড়ৈখালী	৪,১৭,৭১২/-	১,৬০০/-
১৮	শিবরামপুর হাট বাজার	বাড়ৈখালী	৯,৪৩,৪৭১/-	২,৬০০/-
১৯	হাঁসাড়া হাট বাজার	হাঁসাড়া	২,৩৪,৪২৯/-	১,২০০/-
২০	আলমপুর হাট বাজার	হাঁসাড়া	২৯,৩২৭/-	৫০০/-

বিবরণ	১ম পর্যায়	২য় পর্যায়	৩য় পর্যায়	৪র্থ পর্যায়
সিডিউল বিক্রয়ের শেষ তারিখ	২৭/০২/২০২৪ খ্রি. সকাল ৯.০০ ঘটিকা হতে ৪.০০ ঘটিকা পর্যন্ত	০৫/০৩/২০২৪ খ্রি. সকাল ৯.০০ ঘটিকা হতে ৪.০০ ঘটিকা পর্যন্ত	১২/০৩/২০২৪ খ্রি. সকাল ৯.০০ ঘটিকা হতে ৪.০০ ঘটিকা পর্যন্ত	২০/০৩/২০২৪ খ্রি. সকাল ৯.০০ ঘটিকা হতে ৪.০০ ঘটিকা পর্যন্ত
দরপত্র দাখিলের তারিখ	২৮/০২/২০২৪ খ্রি. দুপুর ০১.০০ টা পর্যন্ত	০৬/০৩/২০২৪ খ্রি. দুপুর ০১.০০ টা পর্যন্ত	১৩/০৩/২০২৪ খ্রি. দুপুর ০১.০০ টা পর্যন্ত	২১/০৩/২০২৪ খ্রি. দুপুর ০১.০০ টা পর্যন্ত
দরপত্র খোলার সময়	২৮/০২/২০২৪ খ্রি. দুপুর ০৩.০০ টায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন)	০৬/০৩/২০২৪ খ্রি. দুপুর ০৩.০০ টায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন)	১৩/০৩/২০২৪ খ্রি. দুপুর ০৩.০০ টায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন)	২১/০৩/২০২৪ খ্রি. দুপুর ০৩.০০ টায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন)

১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী

০১। বাংলা ১৪৩১ বাংলা সনের ৩০ চৈত্র পর্যন্ত মেয়াদকালের জন্য হাট বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিল ব্যাংকে ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ এর অনুকূলে দরপত্রের সাথে সংযুক্ত করে দরপত্র জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জামাকারীর বরাবরে প্রত্যার্পন করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র গৃহীত হওয়ার সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট জমা করে অবশ্যই একই সাথে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট বাজারের সরকারি মূল্যের অপেক্ষা কম হয় তা হলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই ইজারা প্রাপ্ত হাট বাজার বা এর কোন অংশ বিশেষ অন্যের নিকট ইজারা বা সাব লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ টাকা মাত্র) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা মাজা, কাটা কাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। কর্তৃপক্ষ কর্তৃক হাট বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

উল্লেখ্য যে, ১ম দরপত্র দাখিলের তারিখে উল্লিখিত হাট বাজারের কাংখিত ইজারামূল্য পাওয়া গেলে পরবর্তী ধার্য্য তারিখে ঐ হাট বাজারের আর দরপত্র আহ্বান করা হবে না।

০৭/০২/২০২৪

মোশারেফ হোসাইন
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীনগর, মুন্সীগঞ্জ
ফোন- ০২-৭৬২৭০০১
ই-মেইল unosreenagar@mopa.gov.bd

স্মারক নম্বর- ০৫.৩০.৫৯৮৪.০০০.৪০.০০৩.২৪. ১১৪/১(৯৫)

তারিখ: ০৭/০২/২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি (অবগতির জন্য):

১। জনাব মহিউদ্দিন আহমেদ, মাননীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ-১
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ
৪। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মুন্সীগঞ্জ
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ
৮। উপজেলা নির্বাহী অফিসার, ... (সকল),মুন্সীগঞ্জ
৯। সহকারী কমিশনার (ভূমি),শ্রীনগর, মুন্সীগঞ্জ
১০। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর , মুন্সীগঞ্জ
১১। উপজেলা... শ্রীনগর, মুন্সীগঞ্জ
১২। চেয়ারম্যান..(সকল) ইউ.পি, শ্রীনগর, মুন্সীগঞ্জ (তাঁকে নিজ নিজ এলাকায় ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হল)
১৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ....ইউনিয়ন ভূমি অফিস, শ্রীনগর (তাঁকে বিজ্ঞপ্তিটি নিজ নিজ এলাকায় ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচার করে সার্ভিস রিটার্ন দাখিল করার জন্য অনুরোধ করা হল)
১৪। ইজারাদার ....হাট বাজার, শ্রীনগর , মুন্সীগঞ্জ
১৫। অফিস কপি/ নোটিশ বোর্ড

০৭/০২/২০২৪

উপজেলা নির্বাহী অফিসার
শ্রীনগর, মুন্সীগঞ্জ